তারিখ ..06 SEP 1990...
পৃষ্ঠা... ৪ ...কলাম... ৬ ...

দৈনিক সংবাদ

৫৭

## তিনমাস পরও ভালুকায় ১৭ জন শিক্ষক নিয়োগপত্র পাচ্ছে না

ভালুকা উপজেলায় সরকারী প্রাথমিক বিদ্যালয়সমূহে ১৭ জন কৃতকার্য প্রার্থী নিয়োগের অপেক্ষায় দিন গুনছে। ১২ই মে ১৯৯০-এর মধ্যে সকল উপজেলায় প্রাথমিক শিক্ষকদের নিয়োগপত্র দেওয়ার কথা থাকিলেও ময়মনসিংহের ভালুকা উপজেলার উক্ত প্রার্থিগণের এখন নিয়োগপত্র না পাওয়ার কারণ বোঝা যাচ্ছে না এবং কবে এই সকল প্রার্থী নিয়োগপত্র পাইতে পারে তারও সদুত্তর মিলেনি। প্রাথমিক শিক্ষা অধিদফতরের এক আদেশে বলা আছে ১৯৯০-এর নিয়োগ আদেশ পরবর্তী বিজ্ঞপ্তি দেওয়ার সাথে সাথেই বাতিল বলিয়া গণ্য হইবে। এই পদগুলো শূন্য থাকা সত্ত্বেও নিয়োগ আদেশ না পাওয়ার কারণ আমাদের কাছে বোধগম্য হচ্ছে না। বিদ্যালয়গুলোতে শিক্ষকের অভাবে লেখাপড়ার কাজ ব্যাহত হচ্ছে।

সুতারাং এই ব্যাপারে সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষ ও মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করিতেছি অবিলম্বে এই সকল প্রার্থীর নিয়োগ আদেশ দিয়া মানসিক দুঃশ্চিন্তার হাত হইতে রেহাই দেওয়া হউক।

মোঃ নজরুল ইসলাম,
আকুয়া, হাজী বাড়ী,
ময়মনসিংহ।